ত্বয়ি বিনেতি ষড়ঙ্গয়া কিম্ ভক্তিং জনঃ পরমহংসগতৌ লভেত ॥ ইতি। কর্ম্মপরিচর্য্যা কর্ম্মস্মৃতিলীলারণম্। চরণয়োরিতি সর্ব্বত্রান্বিতং ভক্তিব্যঞ্জকম্। তদেতদুভয়স্মিন্নপি তত্তদ্ভজনবিধিশিক্ষাগুরুঃ প্রাক্তনঃ শ্রবণগুরুরেব ভবতি, তথাবিধস্য প্রাপ্তত্বাৎ। প্রাক্তনানাং বহুত্বেঽপি প্রায়স্তেষ্বেবান্যতরোঽভিরুচিতঃ। পূর্ব্বস্মাদেব হেতোঃ শ্রীমন্ত্রগুরুস্ত্বেক এব, নিষেৎস্যমানত্বাদ্বহুনাম্। অথাত্র প্রমাণানি। তত্র তদাবির্ভাববিশেষরুচিঃ মহাপুরুষমভ্যর্চ্চেন্মূর্ত্ত্যাভিমতয়াত্মনঃ ইত্যাদৌ শ্রীমদ্যবির্হোত্রাবিনাভিপ্রেতা। ভজনবিশেষরুচিশ্চ, বৈদিকস্তান্ত্রিকো মিশ্র ইতি মে ত্রিবিধো মখঃ। ত্রয়াণামীপ্সিতেনৈব বিধিনা মাং সমর্চ্চয়েদিত্যাদৌ, শ্রীভগবতাভিপ্রেতঃ। অতঃ শ্রবণগুরুমাহ—তস্মাৎ গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয় উত্তমম্। শাব্দে পরে চ নিষ্ণাতং ব্রহ্মন্যপশমাশ্রয়ম্ ॥ ২০২ ॥

পূর্ব্বে বর্ণিত এইসকল বৈষ্ণব-সাধুমহৎরূপে এবং সাধুরূপে ভেদ করিয়া নির্দ্দেশ করা হইয়াছে। তন্মধ্যে সাধুমাত্রের ভেদের তারতম্য—যাহা এ প্রকরণে বিচারিতভাবে নির্দ্দেশ করা হয় নাই, তাহা ভক্তিভেদনিরূপণ-প্রসঙ্গে এই ভক্তিসন্দর্ভেই পরে বিচারিতভাবে নির্দ্দেশ করা হইবে। কিন্তু অন্যান্য যাহাদিগকে বৈষ্ণব বলিয়া উল্লেখ করা হইয়াছে অর্থাৎ শ্রীবিষ্ণুমন্ত্রে দীক্ষিত নয়—সেই শ্রীশিব-শক্তি মন্ত্রে দীক্ষিত সাধকগণকেও যে বৈষ্ণব বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে, সেটি নিজ গোষ্ঠী অপেক্ষায় বুঝিতে হইবে। অর্থাৎ শৈব-শাক্ত সম্প্রদায়ের মধ্যে বৈষ্ণবভাবাপন্ন সাধককে বৈষ্ণবরূপে উল্লেখ করা হইয়াছে। তন্মধ্যে কর্ম্মিগণের ভিতরে কর্ম্মানুষ্ঠানের সাত্ত্বিকতা দৃষ্টিতে যেমন স্কন্দপুরাণে মার্কণ্ডেয়-ভগীরথ সংবাদে উল্লেখ আছে—“ধর্ম্মার্থং জীবিতং যেষাং সন্তানার্থঞ্চ মৈথুনং। পচনম্ বিপ্রমুখ্যার্থং জ্ঞেয়াস্তে বৈষ্ণবা নরাঃ॥”

যাহারা ধর্ম্মের জন্য জীবনধারণ, সন্তানার্থে মৈথুন আর উত্তম ব্রাহ্মণের জন্য পাক করে, সেই সকল মানুষকে বৈষ্ণব বলিয়া জানিতে হইবে। সেই স্কন্দপুরাণেই শ্রীবিষ্ণুর আজ্ঞাবুদ্ধিতেই যাহারা ঐ পূর্ব্ববর্ণিত ক্রিয়াসকল অনুষ্ঠান করেন, তাহাদিগকেই বৈষ্ণব বলিয়া উল্লেখ করা হইয়াছে। কিন্তু বিষ্ণুর আজ্ঞাবুদ্ধিশূন্য হইয়া ঐ পূর্ব্বোক্ত ক্রিয়া অনুষ্ঠানে বৈষ্ণব বলিয়া অভিহিত হইবে না। মূল কথা—শ্রীবিষ্ণুর অনুসন্ধানহীন ক্রিয়া অনুষ্ঠানে বিষ্ণুবহির্মুখতাদোষজন্য অবৈষ্ণব, আর সাধারণক্রিয়ানুষ্ঠানেও যদি বিষ্ণুর অনুসন্ধান থাকে, তাহাকে বৈষ্ণব বলা যাইতে পারে। শ্রীবিষ্ণুপুরাণেও দেখা যায়—

ন চলতি নিজবর্ণধর্ম্মতো যঃ সমমতিরাত্মসুহৃদ্বিপক্ষপক্ষে।
ন হরতি ন চ হন্তি কিঞ্চিদুচ্চৈঃ স্থিতমনসং তমবেহি বিষ্ণুভক্তম্ ॥